শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়

শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

www.sau.edu.bd

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় দ্বিতীয় সমাবর্তন ২০২৭

অনলাইন রেজিস্ট্রেশন ও পেমেন্ট গাইডলাইনস্

(সফলভাবে সমাবর্তন রেজিস্ট্রেশন ও পেমেন্ট সম্পন্ন করার পর্যায়ক্রমিক নির্দেশিকা)

১. সমাবর্তনে অংশগ্রহনে যোগ্যতা যাচাই ও রেজিস্ট্রেশনের পূর্ব প্রস্তুতি

- **সমাবর্তনে অংশগ্রহণের যোগ্যতা:** **০১ নভেম্বর ২০১৫ থেকে ৭ই ডিসেম্বর ২০২৬** তারিখের মধ্যে অত্র বিশ্ববিদ্যালয় হতে **স্নাতক, এমএস/এমবিএ/স্নাতকোত্তর ও পিএইচডি** ডিগ্রি অর্জনকারী সকল শিক্ষার্থী অত্র সমাবর্তনে অংশগ্রহনের জন্য রেজিস্ট্রেশন করতে পারবেন। এছাড়া শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের তৎকালীন অধিভুক্ত ঝিনাইদহ ভেটেরিনারী কলেজের (পাশের সেসন ২০১৮ ও ২০১৯) স্নাতক এবং আইইডিসিআর-এর সংশ্লিষ্ট স্নাতকোত্তর ডিগ্রীধারীগণ অত্র সমাবর্তনে অংশগ্রহন করতে পারবেন।
- **যোগ্যতা নিশ্চিতকরণ:** বিশ্ববিদ্যালয়ের প্রকাশিত নোটিশ অনুযায়ী আপনি সমাবর্তনে অংশগ্রহণের জন্য উপযুক্ত কি না তা যাচাই করুন। *www.convocation.sau.edu.bd* ওয়েব লিংক এর "**Eligibility Check**" বাটনে নিজের রেজিস্ট্রেশন নম্বর অথবা নিজের নাম দিয়ে সার্চ করে প্রার্থীতা নিশ্চিত করতে পারবেন।
- **নথিপত্র প্রস্তুত:** পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি এবং সিগনেচার উভয়ের ক্ষেত্রে কেবলমাত্র jpeg, jpg & png ফরমেট-এর ডিজিটাল ফাইল প্রস্তুত রাখুন।

২. অফিসিয়াল পোর্টালে প্রবেশ ও অ্যাকাউন্ট তৈরি

- **ওয়েবসাইট ভিজিটি:** সমাবর্তনে অংশগ্রহণের জন্য **০১ নভেম্বর ২০২৬ থেকে ৭ই ডিসেম্বর ২০২৬** তারিখের মধ্যে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (**www.sau.edu.bd**) এর প্রথম পেইজে প্রদর্শিত "*2nd Convocation*" বাটনে ক্লিক করে অথবা সরাসরি ***www.convocation.sau.edu.bd*** ওয়েব লিংকে লগইন করার পর ওয়েবসাইটে প্রদত্ত **"Registration Flowchart"** অনুসরণ করে প্রয়োজনীয় তথ্য আপলোডের মাধ্যমে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে পারবেন।
- **সাইন আপ:** '**Register**' অপশনে গিয়ে **"Eligibility Check"** (যোগ্যতা নিশ্চিতকরণ) করার পর নির্ধারিত স্থানে নিজ ইমেইল এবং সক্রিয় মোবাইল নম্বর দিয়ে অ্যাকাউন্ট খুলতে হবে।
- **ভেরিফিকেশন:** আপনার প্রদত্ত **মোবাইল অথবা ইমেইলে** আসা **OTP** কোড দিয়ে অ্যাকাউন্ট সক্রিয় করতে হবে।

৩. ফরম পূরণ (Information Input)

- **পাসওয়ার্ড:** পরবর্তীতে লগইন করার জন্য আপনার সুবিধামত একটি পাসওয়ার্ড প্রদান করুন এবং পাসওয়ার্ডটি পুনরায় প্রদান করে নিশ্চিত করতে হবে।
- **একাডেমিক ও সার্টিফিকেট সংক্রান্ত তথ্যাদি:** অত্র বিশ্ববিদ্যালয় হতে অর্জিত সকল ডিগ্রীর সকল তথ্য রেজিস্ট্রেশন পেইজের এই অংশে স্বয়ংক্রিয়ভাবে দেখা যাবে। এখান থেকে আপনার অর্জিত যেসকল ডিগ্রীর (স্নাতক, এমএস/এমবিএ/স্নাতকোত্তর ও পিএইচডি) সদন আপনি গ্রহন করতে চান তার "চেক বক্স এর "টিক√" চিহ্ন রেখে আপনার সদন গ্রহন করার ইচ্ছা নিশ্চিত করতে হবে এবং অপরদিকে যেসকল সনদ গ্রহন করতে ইচ্ছুক নন সেই সকল চেক বক্স থেকে "টিক√" চিহ্ন তুলে ফেলতে হবে (***মনে রাখতে হবে "টিক চিহ্নিত" প্রতিটি ডিগ্রীর জন্য আলাদা ফি প্রযোজ্য হবে***)। উল্লেখ্য যে, যদি কেউ অত্র বিশ্ববিদ্যালয় হতে কেবলমাত্র একটি ডিগ্রী অর্জন করে থাকেন এবং তার উক্ত ***অর্জিত ডিগ্রীর মূল সনদপত্র ইতোমধ্যে উত্তোলন*** করে থাকেন, তিনি **শুধুমাত্র রেজিস্ট্রেশন ফি** জমা প্রদান করে সমাবর্তনে অংশগ্রহন করতে পারবেন। তবে তিনি যদি একাধিক ডিগ্রী অর্জন করে থাকেন তাকে ***অপর এক বা ডিগ্রীর মূল সনদ "ফি" প্রদান করতে হবে।***
- **ব্যক্তিগত তথ্য:** নাম (ডাটাবেজ থেকে স্বয়ংক্রিয়ভাবে প্রদর্শিত হবে), পিতা ও মাতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, সক্রিয় মোবাইল নম্বর, আপনার রক্তের গ্রুপ প্রদান করতে হবে।
- **ছবি ও স্বাক্ষর সংযুক্তি:** ব্যক্তিগত তথ্যাদি প্রদান করার পর নির্ধারিত অপশনে আপনার পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি (300 dpi 300 KB) এবং আপনার স্বাক্ষর (60 KB) সংযুক্ত করতে হবে। উল্লেখ যে, রঙ্গিন ছবি এবং সিগনেচার উভয়ের ক্ষেত্রে কেবলমাত্র jpeg, jpg & png ফরমেট-এর ডিজিটাল ফাইল সংযুক্ত করতে হবে।
- **কনভোকেশনে অংশগ্রহনকারী ও অতিথি সংক্রান্ত তথ্যাদি:** নির্ধারিত অপশনে **"Attendance"** (***In person or In absence***) নিশ্চিত করুন, আপনার গাউন সাইজ (গাউন সাইজ গাইড অনুসারে) এবং অতিথির (যদি থাকে) সংখ্যা নিশ্চিত করুন।
- পেশাগত (ঐচ্ছিক) তথ্যাদি: আপনার পদবী, প্রতিষ্ঠান, প্রতিষ্ঠানের ধরণ, চাকুরির অবস্থা, সেক্টর/ইন্ডাস্ট্রি, চাকুরীর স্থান, কর্মস্থলের ইমেইল ও ফোন নম্বর, প্রফেশনাল "**LinkedIn/Profile** প্রদান করুন।

৪. রেজিস্ট্রেশন ও সনদ "ফি" পরিশোধ

- **পেমেন্ট সংক্রান্ত তথ্যাদি:** "**Proceed to Payment**" পেইজে আপনি রেজিস্ট্রেশন ফি এবং যে কয়টির চেক/টিক বক্সে "টিক" চিহ্ন প্রদান করেছেন তার ফি সামারী দেখতে পাবেন। অত:পর, ফি প্রদান করার জন্য "**Proceed to Payment**" বাটনে ক্লিক করুন।
- **ইনভয়েস (Invoice):** এই পেইজে উল্লেখিত সকল তথ্যাদি নিশ্চিত করার পর "**Pay Now**" বাটনে ক্লিক করুন। সংরক্ষণের জন্য "**Invoice**"-টি প্রিন্ট/সেইভ করতে পারেন।
- **অনলাইন পেমেন্ট:** সকল তথ্য পূরণ করার পর অনলাইনে পেমেন্ট করার জন্য "**Pay Now**" বাটনে ক্লিক করে পেমেন্ট অপশন যেমন "***Cards/Mobile Banking/Net Banking***" এর মধ্য হতে আপনার পছন্দনীয় অপশন (যেমন: বিকাশ, নগদ, রকেট, ভিসা কার্ড, মাস্টার কার্ড (ডিবিবিএল নেক্সাস মাস্টারকার্ড ব্যতীত), এমএক্স কার্ড, ইত্যাদি)-এর লোকাল অথবা ইন্টারন্যাশনাল উভয় মাধ্যমের যে কোন

একটি নির্বাচনের মাধ্যমে পেমেন্ট করতে পারবেন। উল্লেখ্য যে, কনভোকেশন রেজিস্ট্রেশন এবং সনদ "ফি" এর অতিরিক্ত হিসাবে অনলাইন পেমেন্ট সার্ভিস চার্জ (১.৩%) আবেদনকারীকে বহন করতে হবে।

- **পেমেন্ট নিশ্চিতকরণ:** আপনার পেমেন্ট সফল হলে আপনার ছবি ও নামসহ পেইজ দেখা যাবে এবং নামের নিচে "***Registration Confirmed***" লেখা প্রদর্শিত হবে, অন্যথায় "***Payment Pending***" লেখা প্রদর্শিত হবে।
- **ট্রাবলশুটিং:** পেমেন্ট জটিলতা দেখা দিলে যেমন প্রযোজ্য **"ফি"** কর্তন করার পরও "***Registration Confirmed***" লেখা প্রদর্শিত না হলে অথবা "***Payment Pending***" লেখা প্রদর্শিত হলে, বা অন্য কোন জটিলতা দেখা দিলে "***Help Desk***" বাটনে ক্লিক করে সংযুক্ত ইমেইল-এর মাধ্যমে প্রয়োজনীয় সহায়তা গ্রহন করতে পারবেন।

৫. ফরম প্রিন্ট ও গাউন সংগ্রহ

- **ফরম প্রিন্ট:** চূড়ান্ত রেজিস্ট্রেশন ফরম ও মানি রসিদ/পেমেন্ট স্লিপ ডাউনলোড করে প্রিন্ট করতে পারবেন।
- **কিট সংগ্রহ:** নির্দিষ্ট তারিখে কনভোকেশনের নির্ধারিত স্থানে (বুথ/ডেস্ক) গিয়ে আইডি কার্ড, গাউন, হুড, ক্যাপ, এবং স্যুভেনিরসহ অন্যান্য কিট সংগ্রহ করতে পারবেন। প্রয়োজনীয় কিট সংগ্রহের সময় আপনার "*রেজিস্ট্রেশন পেমেন্ট স্লিপ*" প্রদর্শন করে কনভোকেশন কিটসমূহ সংগ্রহ করতে হবে।
- **হালনাগাদ তথ্যাদি:** সমাবর্তন সম্পর্কিত হালনাগাদ তথ্যাদি পেতে সমাবর্তন সম্পর্কিত ওয়েব পেইজটি সবসময় অনুসরণ করুন।

৬. রিহার্সাল ও মূল অনুষ্ঠান

- **রিহার্সাল:** সমাবর্তনের ঠিক আগের দিন আয়োজিত রিহার্সালে অবশ্যই অংশগ্রহণ করুন।
- **মূল অনুষ্ঠান:** নির্দিষ্ট ড্রেসকোড মেনে চলুন এবং "*মূল রেজিস্ট্রেশন আইডি কার্ড*" সাথে রাখুন।

বিশেষ সতর্কতা: বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রকাশিত নির্দিষ্ট নির্দেশিকা এবং সময়সীমা কঠোরভাবে অনুসরণ করুন। ভুল তথ্য প্রদান করলে রেজিস্ট্রেশন বাতিল হতে পারে।

ধন্যবাদান্তে-

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় দ্বিতীয় সমাবর্তন ২০২৭ রেজিস্ট্রেশন, আইডি কার্ড তৈরী ও বিতরণ উপ-কমিটি